# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।~~

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।


নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪১০/২০১৭/ ৬৮ তারিখঃ ১৬ফেব্রুয়ারী ২০১৮ ইং

## আদেশ

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/Surveillance/2010-0713/772 dated 22nd December 2016 এবং BSEC/Surveillance/2010-0713/790 dated 14th February 2017 এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপ:

**Quote**

"-------After examining the clients' ledger, it was found that some TREC holder companies conducted netting with "Z" category share "IMAMBUTTON" during the enquiry period. These are shown below:

| Date | Client code | Broker | Prev. day end balance | Net Buy amount of IMAMBUTTON & Other Z category Instruments | Net Buy amount of other instruments (ABGN) | Net Sell amount of IMAMBUTTON & other Z category Instruments | Net Sell amount of other Instruments (ABGN) | Day end Balance | Netting Amount with Z Category |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 07.11.16 | 8714 | DSEHED | 87268.7 | 608466.74 | 0 | 0 | 527340.41 | 6142.3 | 521198.04 |
| 27.11.16 | | | -94.8 | 222112.27 | 97079 | 393624.00 | 0 | 74337.9 | 615736.27 |

**Contraventions:** Through the aforesaid activities, it appears that Hedayetullah Securities Limited has violated:

i. BSEC Order No. SEC/SRMID/94-231/1640 dated January 31, 2008;

ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ (দ্বিতীয় তফসিল) এর অনুচ্ছেদ ১;

iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ by violating the above বিধি of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০." **Unquote**

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং-SEC/Enforcement/2410/2017/211 তারিখ জুলাই ৩১, ২০১৭ ইং প্রেরণ করে এবং আগস্ট ২৩, ২০১৭ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে। ধার্য্যকৃত তারিখে হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) এর প্রতিনিধি উপস্থিত হয়ে আগস্ট ২৩, ২০১৭ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"-------With reference to the letter No.BSEC/Enforcement/2410/2017/211 dated July 31, 2017, we would like to inform you that our trader Mr. Hasan Mahmood has executed the trade of "IMAMBUTTON" shares as per Client advice (Trader Clarification attached) which has violated the Securities and Exchange Commissions rules and regulations as mentioned in BSEC order No. SEC/SRMID/94-231/1640 dated January 31, 2008. It is mentioned that we have served the notice to our authorized representative and warn him for unusual trade and asked him to be more careful and sincere at the time of executed all types of trade in future. We also assure you that these types of trade would not be executed in future.

There fore, we would request you to consider the matter in the sympathetic consideration. We must be grateful to you for your co-operation in this regard."

# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

~~JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH~~

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনকি এলাকা, ঢাকা-১২০৭।


যেহেতু, হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) তারিখ আগস্ট ২৩, ২০১৭ ইং পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগ স্বীকার করে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) এর উক্তরূপ ব্যর্থতা section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০)-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০) এর উপর ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আমজাদ হোসেন
কমিশনার

বিতরনঃ
হেদায়েতুল্লাহ্ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক#১৪০)।
প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড।
প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড।

অবগতির জন্য অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি


~~Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721~~, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd